



‘Quantitative and Qualitative Research Approaches in Proposal Writing’ শীর্ষক ওয়ার্কসপ



১৪ মে ২০২৪-মঙ্গলবার গবেষণা সেল , জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ‘Quantitative and Qualitative Research Approaches in Proposal Writing’ শীর্ষক ওয়ার্কসপ উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

ওয়ার্কসপে প্রধান অতিথি হিসেবে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক, বিশিষ্ট সমাজবিজ্ঞানী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি বলেন, “উচ্চ শিক্ষায় গবেষণার কোনো বিকল্প নাই। যেসকল শিক্ষক বেশি গবেষণা করবেন তাদেরকে আমাদের যথাযোগ্য মর্যাদা দিতে হবে, এভাবেই বিশ্ববিদ্যালয়ে তরুণ শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণাকর্মে উৎসাহিত করতে হবে।”

গবেষণা সেল , জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে ওয়ার্কসপে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। স্বাগত বক্তব্য প্রদান করেন আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ওয়ার্কসপে রিসোর্স পার্সন হিসেবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ। এসময় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া এবং ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটির (Western Sydney University) স্কুল অব বিজনেসের সহযোগী অধ্যাপক ড. মমতা বি চৌধুরী উপস্থিত ছিলেন। আজকের ওয়ার্কসপে সামাজিক বিজ্ঞান অনুষদ, বিজনেস স্টাডিজ অনুষদ এবং আইন অনুষদের সহকারী অধ্যাপক ও প্রভাষকবৃন্দ অংশগ্রহণ করেন।